২.৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।
(তথ্য ও অভিযোগ শাখা)
www.netrokona.gov.bd

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে মে/২৩ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : অঞ্জনা খান মজলিশ, জেলা প্রশাসক, নেত্রকোণা ।
সভার স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
তারিখ : ১৫ মে, ২০২৩
সময় : বেলা ৪.০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনোসংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে আলোচ্যসূচী উপস্থাপন ও কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণাকে অনুরোধ করেন।

সভাপতির অনুমোদনক্রমে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সভার কার্যপত্র উপস্থাপন ও পরিচালনা করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটসহ অন্যান্য সদস্য আলোচনায় অংশগ্রহণ করেন।

**কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ:** বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচনা:**

**উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর বলেন,** সরকারের গৃহীত কার্যক্রম সুচারুরূপে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। সরকারের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করা গেলে মানুষকে ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত, গৃহহীনমুক্ত করা যাবে।

**উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ বলেন,** তার দপ্তরে আগত জনসাধারণ যাতে হয়রানির শিকার না হয় সে বিষয়ে তিনি তৎপর আছেন। তার দপ্তরে স্বচ্ছতা আনয়ন ও দপ্তরকে জনসেবামূলক প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ।

**অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),** নেত্রকোণা বলেন, জেলা প্রশাসনসহ জেলা প্রশাসনের অধিনস্থ সকল প্রতিষ্ঠানকে জনসেবা নিশ্চিত করতে হবে। মানুষ যাতে সেবা নিতে এসে হয়রানির শিকার না হয় সে দিকে নজর রাখতে হবে।

**উপপরিচালক, স্থানীয় সরকার বলেন,** জেলা প্রশাসন সরকারের এজেন্ডা বাস্তবায়নের মূল সোপান। জেলা প্রশাসনের কাজের মান স্বচ্ছ ও গতিশীল রাখতে উপজেলা নির্বাহী অফিসারগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাই উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি)গণকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

**সভাপতি বলেন,** প্রান্তিক জনসাধারণের দোরগোড়ায় সেবা এবং জীবনযাত্রার মান উন্নত করার লক্ষ্যে দেশে সুশাসন প্রতিষ্ঠা করার বিকল্প নেই। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সকল কর্মসূচিগুলো যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং প্রদত্ত কর্মসূচিগুলোর সফলভাবে বাস্তবায়ন করতে সমন্বিতভাবে একযোগে কাজ করতে হবে। এ ছাড়াও তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর প্রয়োগ বাস্তবায়ন, ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা, ক্রয়ক্ষেত্রে পিপিআর এর বিধিসমূহ অনুসরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, প্রশাসন ব্যবস্থা-সর্বোপরি দুর্নীতি প্রতিরোধে সহায়ক কর্মপরিবেশ তৈরির উপর গুরুত্ব আরোপ করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তরের তথ্য বাতায়নে প্রদর্শনের অনুরোধ করেন।

তাছাড়া ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হলো। বিস্তারিত আলোচনান্তে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| স্ব স্ব দপ্তরে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সর্বাত্মক সহযোগিতার মাধ্যমে শুদ্ধাচার কৌশলের সফল বাস্তবায়ন করতে হবে। | ১. উপপরিচালক, স্থানীয় সরকার<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও ৩.সহকারী কমিশনার (ভূমি)সকল |
| সেবাদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন | সেবাদান প্রতিশ্রুতি (Citizen Charter)প্রণয়ন করে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে নির্দেশনা প্রদান করা হয়। সেবাদান প্রতিশ্রুতি স্ব স্ব কার্যালয়ের জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে এবং ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা) |
| জেলা প্রশাসকের কার্যালয়ে সেবার মান উন্নয়নে কার্যক্রম গ্রহণ | জেলা প্রশাসকের কার্যালয়ে ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নির্দেশনা অনুযায়ী দক্ষতা ও সুশাসন প্রতিষ্ঠায় এ কার্যালয়ের সকল শাখায় সেবার মান বৃদ্ধিতে আরো গতিশীলতা আনয়ন জরুরি। সেবাগ্রহীতাদের প্রতি সদাচরণসহ প্রত্যাশানুযায়ী সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। এছাড়া অনলাইন সেবা প্রদানের হার শতভাগ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা) |
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)সেবাবক্স হালনাগাদকরণ | জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালে বিদ্যমান অভিযোগ প্রতিকারের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>এবং<br>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জেলা কার্যালয়, নেত্রকোণা |
| শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়নের জন্য সরকার প্রদত্ত সেবা জনগণের নিকট পৌঁছিয়ে দেয়ার জন্য জেলা প্রশাসনের পক্ষ হতে টোল ফ্রি নম্বরসমূহ তথ্য বাতায়নে নির্ধারিত তারিখের মধ্যে দৃশ্যমান করতে হবে। টোল ফ্রি সেবাসমূহ (যেমন দুদক এর হটলাইন- ১০৬, নারী নির্যাতন-১০৯, পুলিশিং ও হাসপাতালের সেবাসমূহ জরুরীসেবা- ৯৯৯ ও কল সেন্টার '৩৩৩') ইত্যাদি টোল ফ্রি সেবাসমূহ এর মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে এবং জেলা/উপজেলা তথ্য বাতায়নে নিয়মিত প্রদর্শন ও হালনাগাদ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>এবং<br>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জেলা কার্যালয়, নেত্রকোণা |

সেবাগ্রহীতার প্রতি উত্তম ব্যবহারসহ সর্বদা সেবার মনোভাব দেখানোর জন্য অনুরোধ করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৫/২০২২

(অঞ্জনা খান মজলিশ)
জেলা প্রশাসক
নেত্রকোণা।
ফোনঃ০৯৫১-৬১৫১১
E-mail:dcnetrokona@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৭২০০.০২৩.০৬.০০৪.২১- ২০৮ তারিখ: ২৫ মে, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. পুলিশ সুপার, নেত্রকোণা।
৫. সিভিল সার্জন, নেত্রকোণা।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, নেত্রকোণা।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
৮. উপজেলা নির্বাহী অফিসার ..........................(সকল), নেত্রকোণা।
৯. সহকারী কমিশনার (ভূমি) (সকল) ....................., নেত্রকোণা।
১০. সহকারী কমিশনার (সকল) ......................................., নেত্রকোণা কালেক্টরেট।
১১. ........................................................................................................., নেত্রকোণা।
১২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

২৫.০৫.২৩

জেলা প্রশাসক
নেত্রকোণা।

পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দ:

১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
২. অধ্যক্ষ, চন্দ্রনাথ কলেজ, নেত্রকোণা।
৩. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোণা।
৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নেত্রকোণা।
৫. উপপরিচালক, জেলা তথ্য অফিস, নেত্রকোণা।
৬. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নেত্রকোণা।
৭. ব্যবস্থাপক, নারী প্রগতি সংঘ, নেত্রকোণা।